যুগান্তর

২৮/৪/২০০২

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...২... কলাম ...৩.....

# এইচএসসি : রাজশাহী বোর্ডের শতাধিক কেন্দ্র নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ

**উত্তম কুমার দাস,** *রাজশাহী থেকে*

অন্যান্য শিক্ষা বোর্ডের সঙ্গেই আগামী ১০ মে থেকে রাজশাহী শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু হবে। রাজশাহী বিভাগের ১৬টি জেলার ১ লাখ ৬৯ হাজার ৪৪১ জন পরীক্ষার্থী এই বোর্ডের পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্র ১ লাখ ৮ হাজার ৭২৫ এবং ছাত্রী ৬০ হাজার ৭১৬ জন। মোট পরীক্ষার্থীর ১ লাখ ৬ হাজার ৩৪৪ মানবিক, ৪৮ হাজার ৬৫৬ বিজ্ঞান ও ১৪ হাজার ৪৪১ জন বাণিজ্য শাখায়। মোট পরীক্ষার্থীর ১ লাখ ৩ হাজার ২৫৫ জন নিয়মিত। নকল প্রতিরোধে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ভিজিল্যান্স টিম গঠন করাসহ বেশকিছু পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছে।

সংশ্লিষ্ট সূত্র অনুসারে এই বোর্ডে এইচএসসি কেন্দ্রের সংখ্যা ২৫৩টি। এর মধ্যে শতাধিক নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ।